**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**13 JULY 2025** **7:35AM**

===============================================================================

রাজ্যে গত পাঁচ বছরে মাছের উৎপাদন দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে এবং এখন আসাম দেশের চতুর্থ সর্ববৃহৎ মাছ উৎপাদনকারী রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল সোনাপুরের বগীবাড়ীতে দেশের প্রথম জল প্রযুক্তি উদ্যান ( একোয়াটেক পার্ক ) -এর উদ্বোধন করে এ কথা জানান । মুখ্যমন্ত্রী বলেন যে আসাম আগামী দিনে সব ক্ষেত্রে দেশের শীর্ষ ৫টি রাজ্যের মধ্যে স্থান লাভ করতে সমর্থ হবে । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে একোয়াটেক পার্কটি মাছের উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করবে এবং যুবক-যুবতীদের জন্য আয়ের সুযোগ তৈরী করতে সাহায্য করবে। এই উদ্যান মৎস পালনের প্রতীক হিসেবে গড়ে ওঠবে বলেও মূখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

---

গৌহাটিতে কেন্দ্রীয় বন্দর , নৌ-পরিবহণ এবং জলপথ দপ্তরের মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , সাংসদ শ্রীমতি বিজুলী কলিতা এবং উত্তর-পূর্ব সীমান্ত রেলের উচ্চপদস্থ আধিকারিক সহ জেনারেল মেনেজার চেতন কুমার শ্রীবাস্তবের উপস্থিতে মালিগাওয়ের উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য কার্যালয়ের রং ভবণে গতকাল রোজগার মেলা অনুষ্ঠিত হয় । সেখানে মন্ত্রী শ্রীসনোয়াল নবনিযুক্ত প্রার্থীদের হাতে নিযুক্তিপত্র তুলে দিয়ে তাদের জাতির অগ্রগতিতে কাজ করে যাওয়ার আহ্বান জানান ।

---

রাজ্যের মূখ্যসচিব ড: রবি কোটা আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে কাছাড় জেলার উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি সম্পর্কে প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে পর্য্যালোচনা বৈঠকে মিলিত হবেন । মূখ্য সচিব গতকাল হাইলাকান্দি জেলা সফর করে সড়ক নির্মাণ সংস্থা এন

এইচ আই ডি সি এলের কাজ এবং জমি অধিগ্রহণ সংক্রান্ত বিষয় খতিয়ে দেখেন । এরপর বিকেলে তিনি বিভিন্ন সরকারী বিভাগের পর্যালোচনা বৈঠকে অংশ নেন । সন্ধ্যায় মূখ্যসচিব ডক্টর কোটা সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে মত বিনিময় করেন ।

উল্লেখ্য চারদিনের বরাক উপত্যকা সফরসূচী নিয়ে মূখ্য সচিব ডক্টর রবি কোটা গত শুক্রবার বিকেলে শ্রীভূমি জেলায় এসেছেন । ডক্টর কোটা শ্রীভূমিতে ভারত মালা প্রকল্পের কাজ এবং সিভিল হাসপাতাল সহ আরো কিছু প্রকল্পের কাজ সরেজমিনে খতিয়ে দেখেন ।

---

কাছাড় জেলা প্রশাসন জেলায় অনুমতিহীন গাড়ির বডি পরিবর্তনের বিরুদ্ধে কঠোর অভিযান অব্যাহত রেখেছে । জেলা প্রশাসন , জেলা পরিবহন বিভাগ ও আসাম পুলিশের যৌথ উদ্যোগে এই অভিযানে ইতিমধ্যে ৩০ টি বেআইনি গাড়ির বডি পরিবর্তনের ঘটনা শনাক্ত করে তাদের বিরুদ্ধে ই-চালান জারি করা হয়েছে এবং এপর্যন্ত প্রায় ১ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে । গত মে মাসে শুরু হওয়া এই অভিযানের মাধ্যমে আইনের প্রতি অবহেলা বরদাস্ত করা হবে না বলে স্পষ্ট করে দেওয়া হয়েছে । এই অভিযান সম্পর্কে জেলা আয়ুক্ত মৃদুল যাদব জনসুরক্ষাই প্রশাসনের সর্বোচ্চ অগ্রাধিকার বলে স্পষ্ট করে দেন । জেলা আয়ুক্ত বলেন যে অবৈধ গাড়ির বডি পরিবর্তন শুধু আইন লঙ্ঘন নয় , এটি সড়ক সুরক্ষার মূল ভিত্তিকে দূর্বল করে তোলে ।

---

রাজ্যে বৃষ্টির পরিমান উদ্বেগজনকভাবে হ্রাস পেয়েছে । ভারতীয় আবহাওয়া বিজ্ঞান সংস্থার তথ্য অনুসারে গত পয়লা জুন থেকে ১০ই জুলাই পর্যন্ত আসাম এবং মেঘালয়ে বৃষ্টির পরিমান স্বাভাবিক থেকে বহু পরিমানে হ্রাস পেয়েছে । সংস্থার তথ্য অনুসারে এই সময়ে আসামে ৩৪ শতাংশ এবং মেঘালয়ে ৪৭ শতাংশ বৃষ্টির পরিমান হ্রাস পয়েছে বলে উল্লেখ করা হয়েছে । একই ভাবে অরুণাচল প্রদেশে ৪০ শতাংশ এবং মনিপুরে ২০ শতাংশ বৃষ্টি হ্রাস পয়েছে । এদেকে আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের তথ্য অনুসারে রাজ্যের ডিব্রুগড় , গোলাঘাট , বাক্সা , বরপেটা , বঙ্গাইগাও , বজালী এবং গোয়ালপারা জেলায় বৃষ্টির পরিমান স্বাভাবিকের চেয়ে ৬২ থেকে ৭২ শতাংশ পর্যন্ত হ্রাস পেয়েছে বলে জানানো হয়েছে ।

---

পি এন বি আর সেটি কাছাড়ের  উদ্যোগে কাছাড় ও হাইলাকান্দি জেলার বেকার যুবক যুবতিদের জন্য আগামী ১৪ ই জুলাই থেকে ১২ দিনের বিনামূল্যে মোমবাতি ও আগরবাতি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে । কর্মশালায় যোগদান করতে ইচ্ছুক যুবক যুবতিদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে । আবেদনকারীদের বয়স ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে । প্রশিক্ষণ চলাকালীন বিনামূল্যে থাকা খাওয়ার সুযোগ প্রদান করা হবে । বিস্তারিত বিবরণ শিলচর আর সেটি কার্যালয়ে পাওয়া যাচ্ছে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আজ মালুগ্রামের উদয় সংঘ ক্লাবের নিকটে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

এদিকে লয়ন্স ক্লাব অফ ভ্যালী ভিউ-এর উদ্যোগে এবং ইয়াসির সহযোগীতায় আগামীকাল সোনাবাড়ী ঘাটের ২১৯ নম্বর দক্ষিন কৃষ্ণপুর প্রাথমিক বিদ্যালয়ে অনুরূপ চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে ।

---

পালংঘাটের মাতা সংঘ ক্লাবের উদ্যোগে আগামী ২৭শে জুলাই থেকে পালংঘাট চৈতন্য চরন জগৎ চন্দ্র উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে ডক্টর শ্যামাপ্রসাদ মূর্খাজী প্রাইজ মানি স্মৃতি নক আউট ফুটবল প্রতিযোগীতা শুরু হবে । এবছর প্রতিযোগীতায় বিজয়ী দলকে এক লক্ষ টাকা এবং রার্নাস আপ দলকে ৫০ হাজার টাকা সহ ট্রফি প্রদান করা হবে ।

---